# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

**পরিচালকের কার্যালয়**
**কর্মচারী উন্নয়ন পরিদপ্তর**
**রহমান চেম্বার (১০ম তলা)**
**১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০**
**ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।**
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

**www.bwdb.gov.bd**

**Office of the Director**
**Directorate of Staff Development.**
**Rahman Chamber (9th Floor),**
**12-13 Motijheel C/A, Dhaka -1000.**
**Phone: 9588458, 9550937 (Fax).**
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.৩০.১১.০০৬.২০১৯-৮২২

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ
১২-০৬-২০১৯ খ্রীঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্ব খাতভূক্ত নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম এবং বেতন গ্রেড (বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূন্য পদ (টি) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সার্ভেয়ার (প্রকৌশল)<br>বেতন গ্রেড: ১৫<br>স্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ | ১৩৭ | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অন্যূন সার্ভে ফাইনাল পাস।<br><br>(সার্ভে ফাইনাল পাস অথবা ডিপ্লোমা ইন সার্ভেয়িং টেকনোলজি পাস না থাকলে আবেদন করার প্রয়োজন নেই)। |
| ২। | উর্দ্ধতন হিসাব সহকারী<br>বেতন গ্রেড: ১৫<br>স্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ | ৩০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞানসহ বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা; |
| ৩। | হিসাব করনিক<br>বেতন গ্রেড: ১৬<br>স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ | ৪৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

২। উপরোক্ত পদে নিয়োগের ক্ষেত্রে সময় সময় বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত জনবল নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান/কোটা পদ্ধতি ইত্যাদি অনুসরণ করা হবে।

৩। আবেদন দাখিলের শেষ তারিখ ১১-০৭-২০১৯। উক্ত তারিখে বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধি কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর।

৪। উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

৫। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন/সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৬। আগ্রহী প্রার্থীদের কেবলমাত্র Online-এ আবেদন ফরম পূরন এবং দাখিল করতে হবে। Online-এর মাধ্যমেই পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য (সার্ভিস চার্জ কর্তনের পর) নীট ৬০০/- (ছয়শত) টাকা Payment করতে হবে। Payment এর ক্ষেত্রে নির্ধারিত সার্ভিস চার্জসহ সমূদয় টাকা একত্রে Payment করতে হবে। প্রার্থীকে বাপাউবো'র Online Recruitment Portal (rms.bwdb.gov.bd/orms) এ login করে Registration, আবেদন দাখিল এবং Payment করতে হবে। আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী উক্ত Portal-এ পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। **কোন আবেদনপত্র সরাসরি বা আবেদনের হার্ড কপি গ্রহণ করা হবে না।**

৭। Online-এ আবেদনপত্র দাখিলের সময় চাহিত সকল তথ্য নির্ভুল ও সততার সাথে পূরণ করতে হবে। দাখিলকৃত সকল তথ্য সঠিক এবং সত্য হিসেবে বিবেচিত হবে। প্রদত্ত তথ্য বা তার অংশ বিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে বাপাউবো'র কোন পদে নিয়োগের জন্য আবেদন করার অযোগ্য হবেন এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সাধারণ নির্দেশাবলীঃ**

১। **Online-এ আবেদনপত্র দাখিল সংক্রান্তঃ** ১১-০৭-২০১৯ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল এবং পরীক্ষার ফি জমা দেয়া যাবে।

২। **বয়সসীমাঃ** আবেদন জমাদানের শেষ দিনে আবেদনকারীর বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধি কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থীর সজ্ঞা নির্ধারন হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/এ্যাফিডেভিট ইত্যাদি গ্রহণযোগ্য হবে না।

৩। **লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ** প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। নির্ধারিত সময়ের পর প্রার্থী তার User ID & Password ব্যবহার করে ছবি, রোল নম্বর, পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

৪। **মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাঃ** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে। উল্লেখ্য, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৫। আবেদনের সময় অন-লাইনে কোন প্রমানক ডকুমেন্ট দাখিল করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অর্থাৎ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় এসএসসি/সমমান, এইচএসসি/সমমান এবং স্নাতক বা স্নাতকোত্তর পরীক্ষা পাশের সনদপত্র-নম্বরপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি, বিভিন্ন কোটা সংক্রান্ত সনদের অনুলিপিসহ অন্যান্য ডকুমেন্ট এর অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

৬। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৭। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে। উহার এক কপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

৮। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন করতে এবং আবেদন দাখিলের সকল কার্যক্রম (Payment সহ) সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

**(মোঃ ওয়াহিদ হোসেন)**
পরিচালক
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.৩০.১১.০০৬.২০১৯-৮২২/১(৫০)

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ
১২-০৬-২০১৯ খ্রীঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/ চীফ/নিয়ন্ত্রক. .. .. ... .. ... .. .. .. .. .বাপাউবো, .. .. ..... ....... ..।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সচিব/পরিচালক/প্রকল্প পরিচালক ..................., বাপাউবো,...................।

৩। পরিচালক, প্রচার সেল, বাপাউবো, ঢাকা (তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে নূন্যতম ০২ টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদ্সঙ্গে বিজ্ঞপ্তির হার্ড কপি ও সফট কপি সিডিতে (১ টি) প্রেরণ করা হলো)।

৪। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)** ।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।

৭। মাস্টার কপি/নথির কপি।

২২/০৬/২০২৯

**(মোঃ মতিউর রহমান)**
নির্বাহী প্রকৌশলী (নিঃ ও পঃ) (চঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।